

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ৯, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ  
প্রজ্ঞাপন

তারিখ, ১৫ জ্যৈষ্ঠ ১৪২১ বঙ্গাব্দ/২৯ মে ২০১৪ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১০০-আইন/২০১৪।—যেহেতু সরকার The Explosives Act, 1884 (IV of 1884), অতঃপর উক্ত Act, বলিয়া উল্লিখিত, এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে গ্যাসাধার ((Pressure Vessel) বিধিমালা, ১৯৯৫ এর অধিকতর সংশোধন করিবার লক্ষ্যে প্রস্তাবিত সংশোধনীসমূহ উক্ত Act, এর section 18 এর বিধান মোতাবেক সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে ০৫ ডিসেম্বর ২০১৩ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৩৬৫-আইন/২০১৩ এর মাধ্যমে প্রাক-প্রকাশ করিয়াছিল; এবং

যেহেতু, উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত সময়সীমার মধ্যে প্রস্তাবিত সংশোধনী সম্পর্কে কাহারো নিকট হইতে কোন পরামর্শ বা আপত্তি পাওয়া যায় নাই;

সেহেতু সরকার উক্ত Act, এর section 5, section 18 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে গ্যাসাধার (Pressure Vessel) বিধিমালা, ১৯৯৫ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ৩ এর উপ-বিধি (২) এর—

(অ) দফা (ক) এ উল্লিখিত “৫,০০০” সংখ্যা ও কমার পরিবর্তে “১০,০০০ (দশ হাজার)” সংখ্যা, কমা ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(আ) দফা (খ) এ উল্লিখিত “১,০০০” সংখ্যা ও কমার পরিবর্তে “২,০০০ (দুই হাজার)” সংখ্যা, কমা ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১৪৭৫৭)

মূল্য : টাকা ৪.০০

- (খ) বিধি ১৪ এর উপ-বিধি (২) এ উল্লিখিত “২,০০০.০০ (দুই হাজার)” সংখ্যা, কমা, ডট, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে যথাক্রম “৪,০০০ (চার হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (গ) বিধি ৪৩ এ উল্লিখিত “১০০ (একশত)” সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে “৫০০ (পাঁচশত)” সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে ;
- (ঘ) তফসিল ৩ এর ক্রমিক নং ১ এর বিপরীতে ৪নং কলামে—
- (অ) দফা (ক) তে উল্লিখিত “২,০০০” সংখ্যার পরিবর্তে “৪,০০০ (চার হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (আ) দফা (খ) তে উল্লিখিত “৩,০০০” সংখ্যা ও কমার পরিবর্তে “৬,০০০ (ছয় হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (ই) দফা (গ) তে উল্লিখিত “৪,০০০” সংখ্যা ও কমার পরিবর্তে “৮,০০০ (আট হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (ঙ) তফসিল ৩ এর ক্রমিক নং ২ এর বিপরীতে ৪নং কলামে—
- (অ) দফা (ক) তে উল্লিখিত “১,০০০” সংখ্যার পরিবর্তে “২,০০০ (দুই হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (আ) দফা (খ) তে উল্লিখিত “২,০০০” সংখ্যা ও কমার পরিবর্তে “৪,০০০ (চার হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (ই) দফা (গ) তে উল্লিখিত “৩,০০০” সংখ্যা ও কমার পরিবর্তে “৬,০০০ (ছয় হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ গোলাম মোস্তফা

অতিরিক্ত সচিব।